# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** এপেক্স কোম্পানি লি. একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এটা বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। প্রক্রিয়াজাতকরণের সময় এর বর্জ্য ও দূষিত পানি নদীতে পড়ায় পানি, বায়ু ও মাটি দূষিত হচ্ছে। এর জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ১০ কোটি টাকা প্রয়োজন। এর আয়ুষ্কাল ১২ বছর। কোম্পানিটি প্রতি বছর মেধাবি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকে।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বোচ্চকরণ বলতে কী বোঝায়? ২

গ. পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে এপেক্স কোম্পানি লি.-এর বিনিয়োগ সিদ্ধান্তটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ করো। ৪

**২.▶** মি. মামুন এমন এক ধরনের বন্ডে বিনিয়োগ করেছেন, যার অভিহিত মূল্য ২,০০০ টাকা, কুপন রেট ১৩% এবং যেখান থেকে আজীবন নির্দিষ্ট হারে সুদ পাবেন। মি. মামুনের প্রত্যাশিত আয়ের হার ১৫%। মি, বাদল একটি কর্পোরেট বন্ডে বিনিয়োগ করতে চান। নিটল লি. বাজারে ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১৩%। বাজার মূল্য ৮৪০ টাকা। তাছাড়া পূবালী লি. ৫ বছর মেয়াদি জিরো কুপন বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজার মূল্য ৬০০ টাকা। মি. বাদলের প্রত্যাশিত আয়ের হার ১৫%।

ক. কর্পোরেট বন্ড কী? ১

খ. সরকারি বন্ডে কোনো ঝুঁকি থাকে না-ব্যাখ্যা করো। ২

গ. মি. মামুন যে ধরনের বন্ডে বিনিয়োগ করছেন তার মূল্য নির্ণয় করো। ৩

ঘ. নিটল লি. এবং পূবালী লি.-এর মধ্যে কোন বন্ডে মি. বাদলের বিনিয়োগ করা উচিত? তোমার মতামত দাও। ৪

**৩.▶** স্কয়ার কোম্পানির বর্তমান শেয়ারের বাজারমূল্য ২০০ টাকা। শেয়ারপ্রতি ১৫ টাকা করে লভ্যাংশ প্রদান করে। কোম্পানির লভ্যাংশ গড়ে ৫% করে বৃদ্ধি পায়। এক্ষেত্রে কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ২০%।

https://teachingbd24.com

ক. মূলধন ব্যয় কী? ১
খ. অগ্রাধিকার শেয়ার বলতে কী বোঝায়? ২
গ. স্কয়ার কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় কত? নির্ণয় করো। ৩
ঘ. কোম্পানির সাধারণ শেয়ারের বাজারমূল্য ২০ টাকা কমলে সাধারণ শেয়ারের মূলধন ব্যয়ের ওপর কী প্রভাব পড়বে? মূল্যায়ন করো। ৪

৪.▶ সায়মন কোম্পানি একটি নতুন সরবরাহকারী প্রতিষ্ঠান। তারা দক্ষিণ কোরিয়া থেকে পুতুল আমাদনি করে। কোম্পানি প্রতিটি পুতুল ৮০ টাকা করে ক্রয় করে এবং তা ১০০ টাকা করে বিক্রি করে। কোম্পানির স্থায়ী ব্যয় বার্ষিক ১,০০,০০০ টাকা।

ক. দণ্ডাংশ কি? ১
খ. নগদ প্রবাহ বিবরণী কেন তৈরি করা হয়? ২
গ. কয়টি পুতুল বিক্রি করলে সায়মন কোম্পানির কোনো লাভ বা ক্ষতি হবে না? ৩
ঘ. কোম্পানি যদি ২০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে সমচ্ছেদ বিন্দু অপেক্ষা কয়টি পুতুল বেশি বিক্রি করতে হবে? ৪

৫.▶ ম্যাক্সওয়েল লি.' অধিক লাভের আশায় একমালিকানা প্রতিষ্ঠান হতে পাবলিক লি. কোম্পানি হতে চাচ্ছে। এটি বাংলাদেশের শেয়ারবাজারে শেয়ার ছাড়তে চাচ্ছেন।' 'ম্যাক্সওয়েল লি. মোট ১,০০,০০,০০০টি শেয়ার প্রতিটি ১০ টাকা লিখিত মূল্যে বাংলাদেশে ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে।

ক. ওটিসি বাজার কী? ১
খ. মানিলন্ডারিং আইনটি ব্যাখ্যা করো। ২
গ. 'ম্যাক্সওয়েল লি.'-এর কোন বাজারে শেয়ার ছাড়বে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের শেয়ার ছাড়ার জন্য 'ম্যাক্সওয়েল লি.' কোন প্রতিষ্ঠানের নিকট হতে অনুমতি গ্রহণ করতে হবে? ঐ প্রতিষ্ঠান সম্পর্কে লেখ। ৪

৬.▶ ওয়াইম্যাক্স লিমিটেড বাজারে বন্ড ছেড়েছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং মেয়াদ ১০ বছর, কুপন রেট ১২%। প্রত্যাশিত আয়ের হার ১৫.৫%, বাজারমুল্য ১,২৩০ টাকা।

ক. জিরো কুপন বন্ড কী? ১
খ. অগ্রাধিকার শেয়ারকে কেন হাইব্রিড সিকিউরিটি বলা হয়? ২
গ. ওয়াইম্যাক্স লিমিটেড-এর মেয়াদ পূর্তিতে আয়ের হার নির্ণয় করো। ৩
ঘ. ৬ বছর পর বন্ডটি যদি ১,৩০০ টাকায় তলব করা হয়, ইল্ড টু কল কত হবে? ৪

Teachingbd24.com

৭.▶ মি. ফারুক অবসর গ্রহণের পর তার কোম্পানি থেকে ৩০,০০,০০০ টাকা পেলেন। তিনি-এর মধ্যে ২০,০০,০০০ টাকা মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি ২টি সিকিউরিটি X ও Y-এর অতীত ব্যয় পর্যালোচনা করেন। সিকিউরিটি X ও Y-এর বিগত তিন বছরের আয়ের হার নিম্নে দেওয়া হলো:

| বছর | আয়ের হার (সিকিউরিটি-X) | আয়ের হার (সিকিউরিটি Y) |
|---|---|---|
| ২০১০ | ৮% | ১৩% |
| ২০১১ | ৬% | -৫% |
| ২০১২ | ১৩% | ২২% |

ভলবো কোম্পানির বিটার মান ১.৭। ট্রেজারি বিলের আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৬%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. কোন ঝুঁকিকে পরিহার করা যায় না? ব্যাখ্যা করো। ২

গ. ভলবো কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. পরিমিত ব্যবধানের আলোকে মি. ফারুকের কোন সিকিউরিটিতে বিনিয়োগ উত্তম এবং কেন? ৪

৮.▶ জনাব নাসির ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য একটি ব্যাংকে জমা রাখতে চান। তার নিকট দু'টি বিকল্প আছে। মেঘনা ব্যাংক ১৫% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে এবং পদ্মা ব্যাংক ১৪% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. বাট্টাকরণ কী? ১

খ. অর্থের সময়মূল্য বলতে কী বোঝায়? ২

গ. জনাব নাসির মেয়াদ শেষে মেঘনা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব নাসির কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভবান হবেন? ব্যাখ্যা করো। ৪

৯.▶ ওরিয়ন লিমিটেড জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান ২/১০, নিট ৬০ শর্তে পণ্য ক্রয়-বিক্রয় করে থাকে। প্রতিষ্ঠানটির মালিক ব্যাংক হতে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছেন। প্রতিষ্ঠানটির মালিক ব্যাংক হতে গৃহীত ঋণের মাধ্যমে নগদ বাট্টার সুযোগ গ্রহণের চিন্তা-ভাবনা করেছেন। পরবর্তীতে প্রতিষ্ঠানের মালিক পরিশোধের সময় ১০ দিন বৃদ্ধি করে। ব্যাংক ঋণের সুদের হার ১২%।

https://teachingbd24.com

ক. কাঁচামাল কী? ১

খ. বাণিজ্যিক কাগজ কেন ইস্যু করা হয়? ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির ব্যবসায় ঋণের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে পরিশোধ সময় বৃদ্ধির ফলে নগদ বাট্টার সুযোগ গ্রহণের সিদ্ধান্তকে প্রভাবিত করবে কি? তোমার মতামত দাও। ৪

১০.▶ মি. আকাশ ক ও খ নামে দু'টি স্বাধীন প্রকল্পে বিনিয়োগের চিন্তা ভাবনা করছেন। প্রত্যেক প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা প্রকল্প দু'টির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো:

| প্রকল্প | নগদ আন্তঃপ্রবাহ | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| প্রকল্প 'ক' | ২৫,০০০ | ২০,০০০ | ১৮,০০০ |
| প্রকল্প 'খ' | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ |

বাট্টার হার ১২%। কোম্পানি কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ পে-ব্যাংক ২ বছর। জনাব আকাশ প্রকল্প মূল্যায়নের সনাতন পদ্ধতি অবলম্বন করেন।

ক. গড় মুনাফার হার কী? ১

খ. আন্তঃআয় হার বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প 'ক'-এর নিট বর্তমান মূল্য নির্ণয় করো। ৩

ঘ. জনাব আকাশের সিদ্ধান্ত কী হওয়া উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

১১.▶ দু'টি সিকিউরিটির আয়ের হার নিম্নরূপ:

| অর্থনৈতিক অবস্থা | স্টাক-A | | স্টাক-B | |
|---|---|---|---|---|
| খারাপ | -৮% | .৩০ | -৫% | .৩০ |
| স্বাভাবিক | ১৫% | .৪০ | ১০% | .৪০ |
| ভাল | ২৬% | .৩০ | ২০% | .৩০ |

ক. ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. সিকিউরিটি-A এবং সিকিউরিটি-B-এর গড় আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দু'টি সিকিউরিটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে করো এবং কেন? ৪

https://teachingbd24.com

বিষয় কোড : ২৯২

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় ঃ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. মানি লন্ডারিং এর পদ্ধতি হলো—
i. প্লেসমেন্ট
ii. লেয়ারিং
iii. ইন্টিগ্রেশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২. বাংলাদেশে কতটি স্টক এক্সচেঞ্জ আছে?
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

৩. আমদনি ও রপ্তানি বাণিজ্যের ক্ষেত্রে প্রযোজ্য অর্থায়নকে কী বলে?
ক সরকারি অর্থায়ন
খ ব্যক্তিগত অর্থায়ন
গ অব্যবসায় অর্থায়ন
ঘ আন্তর্জাতিক অর্থায়ন

৪. নিচের কোনটি বিভেদাঙ্ক নির্ণয়ের সূত্র?
ক $CV = \sigma/\bar{R} \times 100$
খ $CV = \sigma^2/\bar{R} \times 100$
গ $CV = \sigma/\bar{R}^2 \times 100$
ঘ $CV = \bar{R}/\sigma \times 100$

৫. কোনটি মুদ্রার বাজারের হাতিয়ার?
ক ঋণপত্র খ শেয়ার
গ বাণিজ্যিক পত্র ঘ বন্ড

৬. ৩/১৫, নিট ৪৫ শর্তে ব্যবসায় ঋণের ব্যয় কত?
ক ৩৭.১১% খ ৩৮.২২%
গ ৩৯.৩৩% ঘ ৪০.৪৪%

৭. শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী সংস্থা কোনটি?
ক BSTI খ BSIC
গ BSEC ঘ BSRS

৮. মূলধন বাজেটিং এর প্রথম ধাপ কোনটি?
ক প্রকল্প নির্বাচন খ প্রকল্প মূল্যায়ন
গ প্রকল্প বাস্তবায়ন ঘ প্রকল্প প্রণয়ন

৯. নিচের কোন নীতি অনুসরণ করে ঝুঁকি হ্রাস করা হয়?
ক লভ্যাংশ নীতি
খ তারল্য ও মুনাফার নীতি
গ পোর্টফোলিও বা বৈচিত্রায়তনের নীতি
ঘ ঝুঁকি ও মুনাফার নীতি

১০. মি. জনি এক্সিম ব্যাংকে ৫০,০০০ টাকা জমা রেখে ৮ বছর পর ১ লক্ষ টাকা উত্তোলন করেন। বিধি ৭২ অনুযায়ী উক্ত বিনিয়োগের উপর তার অর্জিত সুদের হার কত?
ক ৭.২০% খ ৭.৩০%
গ ৯% ঘ ১০%

১১. সুনির্দিষ্ট জামানতযুক্ত অর্থায়ন কোনটি?
ক বন্ড খ ঋণপত্র
গ অগ্রাধিকার শেয়ার ঘ সাধারণ শেয়ার

১২. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য হলো—
i. মুনাফা বৃদ্ধি
ii. ঝুঁকি হ্রাস
iii. বাজার নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. নগদ প্রবাহ বিবরণীতে নগদ প্রবাহকে নিচের কয়টি কার্যক্রমে বিভক্ত করে দেখানো হয়?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

১৪. নিচের কোনটি চলতি সম্পদ বিবেচিত করা হয়?
ক প্রদেয় হিসাব
খ অগ্রিম বিমা খরচ
গ বকেয়া বেতন
ঘ অগ্রিম সেবা আয়

১৫. মুদ্রা বাজার নিয়ন্ত্রক সংস্থা কোনটি?
ক বাংলাদেশ ব্যাংক খ অর্থ মন্ত্রণালয়
গ বিএসইসি ঘ ডিএসই

১৬. বাংলাদেশে কত সালের মানি লন্ডারিং আইন প্রচলিত?
ক ২০০১ খ ২০০২
গ ২০০৩ ঘ ২০০৪

Teachingbd24.com

১৭. স্বতঃস্ফূর্ত অর্থায়ন কোনটি?
ক) ব্যবসায় ঋণ
খ) বাণিজ্যিক কাগজ
গ) ব্যাংক ঋণ
ঘ) ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠান

১৮. IPO-এর সঠিক রূপ কোনটি?
ক) Important Police Officer
খ) Initial Public Offering
গ) Internal Publice Offering
ঘ) International Police Officer

১৯. সরকারি অর্থায়নের উদ্দেশ্য হলো—
i. সামাজিক কল্যাণ
ii. ব্যবসায়িক প্রসার
iii. সম্পদের সুষ্ঠু ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. ঝুঁকি মুক্ত আয়ের হার ৮%, বাজার আয়ের হার ১৫% এবং বিটা ২। প্রয়োজনীয় আয়ের হার কত?
ক) ২১% খ) ২২%
গ) ২৩% ঘ) ২৫%

২১. ঋণ মূলধন ব্যবহার করলে কী হয়?
ক) সুদ হ্রাস খ) বেশি লাভ
গ) কর হ্রাস ঘ) শেয়ারের মূল্য বৃদ্ধি

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
সুরমা লি.-একটি প্রকল্পে ১,১২,০০০ টাকা বিনিয়োগ করে। আগামী ৫ বছর যাবত উক্ত বিনিয়োগ হতে বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২৮,০০০ টাকা, ৩২,০০০ টাকা, ৩৬,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৪৪,০০০ টাকা।

২২. তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদ প্রবাহ হবে—
ক) ৩৬,০০০ টাকা
খ) ৬০,০০০ টাকা
গ) ৯৬,০০০ টাকা
ঘ) ১,৩৬,০০০ টাকা

২৩. প্রকল্পটির পে-ব্যাক সময় কত?
ক) ৩.৪ বছর খ) ৪.০ বছর
গ) ৪.১ বছর ঘ) ৪.৪ বছর

২৪. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের সম্পর্ক হচ্ছে—
ক) সমমুখী খ) বিপরীতমুখী
গ) নিরপেক্ষ ঘ) সমানুপাতিক

২৫. অর্থের সময়মূল্য নির্ধারণের মূল ভিত্তি কোনটি?
ক) অর্থের তারল্য
খ) মুদ্রানীতি
গ) সুদের হার
ঘ) বর্ধিত মুনাফা

২৬. বাংলাদেশে কত সালের হস্তান্তরযোগ্য দলিল আইন প্রচলিত?
ক) ১৮৭২ খ) ১৮৮১
গ) ১৯১৩ ঘ) ১৯৩২

২৭. বছরের চক্রবৃদ্ধির সংখ্যা কী দ্বারা প্রকাশ করা হয়?
ক) n খ) i
গ) m ঘ) r

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
AB লি. খেলনা প্রস্তুতকারী একটি প্রতিষ্ঠান। একক প্রতি ৯০ টাকা দরে বিক্রয় করে। যার একক প্রতি কাঁচামাল ও শ্রম ব্যয় ৫০ টাকা এবং বার্ষিক স্থির ব্যয় ১,৮০,০০০ টাকা।

২৮. প্রতিষ্ঠানটির সমচ্ছেদ বিক্রয় একক কত?
ক) ২,০০০ খ) ৩,৬০০
গ) ৪,৫০০ ঘ) ৬,০০০

২৯. যদি ১,২০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে AB লি.-কে কত টাকার পণ্য বিক্রয় করতে হবে?
ক) ৩,০০,০০০ খ) ৪,২০,০০০
গ) ৬,৭৫,০০০ ঘ) ৭,২৫,০০০

৩০. ট্রেজারি বিল কে ইস্যু করে?
ক) সরকার
খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) প্রাইভেট লি. কোম্পানি
ঘ) পাবলিক লি. কোম্পানি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক |

https://teachingbd24.com